দৈনিক বাংলা

তারিখ ... 23 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

47

# এইচ এস সি পরীক্ষা শুরু ঃ প্রথম দিনে দেড় হাজার বহিষ্কৃত

।। স্টাফ রিপোর্টার ।।

বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার প্রথম দিনে ঢাকা, রাজশাহী ও যশোর বোর্ডে প্রায় দেড় হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এই তিনটি বোর্ডের মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে রাজশাহী বোর্ডে। এ বোর্ডে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা প্রায় এক হাজার। রাজশাহী বোর্ডের শিবগঞ্জ কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে একজন বহিরাগতকে বহিষ্কার করা হয়েছে।

ঢাকা বোর্ডের অধীনে গতকাল ২৩৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এরমধ্যে সবচেয়ে বেশীসংখ্যক বহি-ষ্কৃত হয়েছে ময়মনসিংহ জেলায়। এ জেলায় বহিষ্কৃতের সংখ্যা ৯২।

রাজধানী ঢাকা শহরে আদমজী ও শেখ বোরহানউদ্দিন কলেজে যথাক্রমে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা শুরু ঃ প্রথম দিনে দেড় হাজার

(প্রথম পৃষ্ঠার পর)

১ জন ও তিনজন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। শিক্ষামন্ত্রী প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী রাজধানীর আটটি কেন্দ্র পরিদর্শন করেন। তিনি পরীক্ষা কেন্দ্রে যে কোন প্রকার অসদুপায় অবলম্বনের চেষ্টা ও বিশৃংখলা কঠোর হস্তে দমনের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

গতকাল যশোর বোর্ডে ৬৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদিন ঢাকা, রাজশাহী ও যশোর বোর্ডে বাংলা প্রথম ও দ্বিতীয় পর্বের পরীক্ষা ছিল। অধিকাংশ কেন্দ্রে সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা সম্পন্ন হয় ব'লে সংশ্লিষ্ট বোর্ডসূত্রে জানা গেছে।

এদিকে গতকাল ছিল কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রথম দিন। এদিন ইংরেজী পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই বোর্ডে ১০১৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। কক্সবাজার কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনে সহায়তা করার অভিযোগে পাঁচজন শিক্ষককে বহিষ্কার করা হয়।

**রাজশাহী**

দৈনিক বাংলার রাজশাহীস্থ নিজস্ব সংবাদদাতা জানান ঃ গতকাল বাংলা পরীক্ষার প্রথম দিনে ৯০টি কেন্দ্রে ৮২২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

**যশোর**

যশোর থেকে আমাদের স্টাফ রিপোর্টার যশোর শিক্ষা বোর্ড কন্ট্রোল রুমের বরাত দিয়ে জানানঃ এইচএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল যশোরের ১৭টি কেন্দ্র থেকে নকলের অভিযোগে ৬৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

**বগুড়া**

আমাদের বগুড়াস্থ সংবাদদাতা জানানঃ সেখানে ২৩০ জন এইচএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**রংপুর**

রংপুর থেকে আমাদের সংবাদদাতা জানানঃ গতকাল রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার ২০টি কেন্দ্র থেকে নকলের অভিযোগে ৩৫৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এদিকে নীলফামারীর কিশোরগঞ্জ কলেজের ২০ জন পরীক্ষার্থী প্রবেশপত্র না পাওয়ায় পরীক্ষা দিতে পারেনি।

জয়পুরহাট থেকে সংবাদদাতা জানান ঃ গতকাল জয়পুরহাটে নকলের অভিযোগে দুটি কেন্দ্র থেকে ৮ জন ছাত্রীসহ ১৩জন পরীক্ষার্থীকে বহি-ষ্কার করা হয়। একহাজার ৪৭৮ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। অনুপস্থিত ছিল ৫৪ জন।

**নীলফামারী**

আমাদের নীলফামারীস্থ সংবাদ-দাতা জানিয়েছেন সেখানে এইচএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভি-যোগে ৪১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

**ঈশ্বরদী**

ঈশ্বরদী থেকে প্রাপ্ত খবরে জানা গেছে যে, সেখানে এইচএসসি পরী-ক্ষার প্রথম দিনে চারজন পরীক্ষার্থী বহিষ্কার করা হয়েছে।

**কুমিল্লা**

কুমিল্লা থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান ঃ কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রথম দিনে ইংরেজী পরীক্ষায় ৫৩টি কেন্দ্র থেকে ১০১৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। চান্দিনা পরীক্ষা কেন্দ্র থেকে ২৩ জন পরীক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে। পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহ করার কারণে ব্রাহ্মণপাড়া উপজেলার ২ জনকে গ্রেফতার করা হয়েছে।

এই বোর্ডে ১ লাখ ৩০ হাজার ১৪৩ জন এসএসসি পরীক্ষার্থী পরী-ক্ষায় অংশ নিচ্ছে।

**কক্সবাজার**

দৈনিক বাংলার কক্সবাজারস্থ সংবাদ-দাতা জানান ঃ সেখানকার ৭টি পরীক্ষা কেন্দ্রের মধ্যে ৬টি কেন্দ্র থেকে ১৮২ জন পরীক্ষার্থী ও পাঁচজন শিক্ষককে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।